

আদর্শ জীবনচরিত পাঠের গুরুত্ব

মানুষ সৃষ্টির প্রধান উদ্দেশ্য হলো আল্লাহর ইবাদত করা, আল্লাহর বিধিনিষেধ মান্য করা। আর এই বিধিনিষেধ মান্য করার জন্য অবশ্যই একটা নির্দিষ্ট নীতিমালা প্রয়োজন। যাকে আমরা আদর্শ বলতে পারি। মহান আল্লাহর পক্ষ থেকে আগত নবী-রাসূলগণের জীবনে এগুলো আমাদের জন্য আদর্শ।

হযরত সুলাইমান(আ)এর যে সব গুণ অনুসরণীয়:

হযরত সুলাইমান আলাই সাল্লাম আল্লাহর নবী ছিলেন তিনি হযরত দাউদ আলাই সাল্লাম এর কনিষ্ঠপুত্র পৃথিবীর যে চারজন বাদশা পুরো পৃথিবী কে শাসন করেছে সাল্লাল্লাহু সাল্লাম তার মধ্যে অন্যতম।

সুলায়মান (আঃ)-এর জীবনী থেকে শিক্ষণীয় বিষয় সমূহ :

১. নবুঅত ও খেলাফত একত্রে একই ব্যক্তির মাধ্যমে পরিচালিত হওয়া সম্ভব। www.allnewjobcircular.com
২. ধর্মই রাজনীতির প্রধান চালিকা শক্তি। ধর্মীয় রাজনীতির মাধ্যমেই পৃথিবীতে প্রকৃত শান্তি প্রতিষ্ঠা করা সম্ভব।
৩. প্রকৃত মহান তিনিই, যিনি সর্বোচ্চ ক্ষমতার অধিকারী হয়েও অহংকারী হন না। বরং সর্বদা আল্লাহর প্রতি বিনীত থাকেন।
৪. শত্রুমুক্ত কোন মানুষ দুনিয়াতে নেই। সুলায়মানের মত একচ্ছত্র এবং অপ্রতিদ্বন্দ্বী বাদশাহর বিরুদ্ধেও চক্রান্ত, ষড়যন্ত্র ও মিথ্যাচার চালানো হয়েছে। www.allnewjobcircular.com
৫. সম্পূর্ণ নিঃস্বার্থভাবে প্রজাসাধারণের কাজ করলেও তারা অনেক সময় না বুঝে বিরোধিতা করে। যেমন বায়তুল মুকাদ্দাস মসজিদের নির্মাণ কাজ সমাপ্ত না হওয়ায় আল্লাহ বাকী সময়ের জন্য সুলায়মানের প্রাণহীন দেহকে লাঠিতে ঠেস দিয়ে দাঁড় করিয়ে রাখেন জিন মিস্ত্রী ও জোগাড়ের ভয় দেখানোর জন্য। যাতে তারা কাজ ফেলে রেখে চলে না যায় এবং নতুন চক্রান্তে লিপ্ত হবার সুযোগ না পায়।

মুসা আলাইহিস সালামকে নয়টি মু'যিজা দেওয়া হয়েছিল।

ولقد آتينا موسى تسع آيات بآياتِنا فاسأل بني إسرائيل إذ جاءهم فقال له فرعون إني لأظنك يا موسى مسخورا

www.allnewjobcircular.com

অর্থঃ আপনি বনী-ইসরাঈলকে জিজ্ঞেস করুন, আমি মূসাকে নয়টি প্রকাশ্য নিদর্শন দান করেছি। যখন তিনি তাদের কাছে আগমন করেন, ফেরাউন তাকে বললঃ হে মূসা, আমার ধারণায় তুমি তো জাদুগ্রন্থ। (বনী ইসরাঈলঃ101)

সেগুলো হলো—(১) লাঠি, যা সাপে পরিণতি হতো। (২) সাদা হাত, যা বগলের ভেতর থেকে বের করার পর চমকাতে থাকত। (৩) জাদুকরদের জাদুকে প্রকাশ্য জনসমক্ষে পরাভূত করা। (৪) এক ঘোষণা অনুযায়ী সারা দেশ দুর্ভিক্ষকবলিত হওয়া এবং তারপর একের পর এক। (৫) তুফান, (৬) পঙ্গপাল, (৭) শস্যকীট, (৮) ব্যাঙ এবং (৯) রক্তের আপদ অবতীর্ণ হওয়া।

www.allnewjobcircular.com

মুসা (আ) এর জীবনী থেকে প্রাপ্ত শিক্ষাঃ

- নম্র ও উত্তম ব্যবহার
- সুস্পষ্ট বক্তৃতা ও বিবৃতি দান
- উৎসাহ ও ভীতিসঞ্চার উভয়ের মাঝে সমন্বয় সাধন
- সর্বোত্তম পন্থায় বিরোধীদের বক্তব্য খণ্ডন
- অনুকূল প্রতিকূল সর্বাবস্থায় দ্বীনে হকের উপর অবিচল থাকা